শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে

রাজকুমার একজন মেষপালক হলেন

লেখক: Edward Hughes

অনুবাদক: Manab Biswas

চিত্রাংকন: M. Maillot; Lazarus

অভিযোজন: E. Frischbutter; Sarah S.

গল্প ৬০ এর ১০

www.M1914.org

Bible for Children, *PO Box 3, Winnipeg, MB R3C 2G1 Canada*

স্বত্তাধিকার:গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

বাংলা

Bengali



একদিন মোশি দেখল যে, একজন মিস্রীয় একজন ইব্রীয় ক্রীতদাসকে মারছে।

1



মোশি একজন রাজকুমারের মতো বড়ো হলেও এবং পড়াশোনা করলেও, সে কিন্তু একজন ইব্রীয় ছিল। সে সেই ক্রীতদাসকে সাহায্য করতে চাইল।

2

কেউ তাকে দেখছে কিনা, সে বিষয়ে চারিদিকে তাকিয়ে নিয়ে মোশি সেই ক্রীতদাসের নিষ্ঠুর মনিবকে আক্রমণ করল। লড়াই করতে করতে মোশি সেই মিস্রীয় লোকটিকে হত্যা করল। খুব শীঘ্র তার দেহকে কবর দিল।
3

পরের দিন মোশি দেখল, দু'জন ইব্রীয় লড়াই করছে। সে তাদের থামাতে চেষ্টা করল। একজন বলল, "তুমি যেভাবে একজন মিস্রীয়কে হত্যা করেছিলে, তেমনভাবে কি আমাকে হত্যা করবে?" মোশি ভয় পেয়ে গেল। গত কালকের ঘটনা সবাই জানে, ফরৌণও জানে। তাই মোশি পালাতে বাধ্য হয়েছিল। সে মিদিয়ন নামক একটি দেশে চলে গেল।
4

মোশি যখন একটি কূয়োর কাছে বিশ্রাম নিচ্ছিল, তখন মিদিয়ন যাজকের সাত কন্যা তাদের বাবার পশুপালদের জন্য জল ভরছিল।
5

অন্য পশুপালকরা তাদেরকে সরাতে চেষ্টা করছিল। তখন মোশি তাদের রক্ষা করে এবং সাহায্য করে।
6

সেই মেয়েদের বাবা রুয়েল আশ্চর্যভাবে বলল, "খুব তাড়াতাড়ি বাড়ি ফিরলে"। যখন তারা সেই কারণটি বলল, তখন তিনি বললেন, "সেই লোকটিকে নিয়ে এস"।
7

মোশির রুয়েলের সঙ্গে থাকল, যাকে যিথ্রো বলা হত। পরবর্তীকালে মোসি রুয়েলের বড়ো মেয়েকে বিয়ে করেছিল।
8

পরে মিশরে ফরৌণ মারা গেলেন। ঈশ্বরের লোক ইব্রীয়রা তখনও দাসত্ব করছিল। কি কষ্টই না তারা ভোগ করছিল!
9

কিরকমভাবেই না তারা ঈশ্বরের সাহায্যের জন্য প্রার্থনা করছিল! ঈশ্বর তাদের প্রার্থনা শুনেছিলেন।
10

মোশি এটা জানত না, কিন্তু ঈশ্বরের পরিকল্পনা ছিল, ইব্রীয় ক্রীতদাসদের মুক্ত করতে তিনি মোশিকে ব্যবহার করবেন। চল্লিশ বছর পেরিয়ে গেছে মোশি মিশর ছেড়ে এসেছিল। সে রূয়েলের মেষপালদের মেষপালক ছিলেন, কিন্তু সে মিশরে তার নিজস্ব লোকদের অভাব অনুভব করছিল।
11

একদিন মোশি লক্ষ্য করল, পাশে একটা ঝোপ জ্বলছিল, কিন্তু আগুন ঝোপটাকে নষ্ট করছিল না। মোশি স্থির করল, এটা কী তা বার করবে।
12

যেই মোশি এগোবে, ঈশ্বর সেই ঝোপের মধ্য দিয়ে ডাকলেন, “মোশি”। মোশি বলল, “আমি এখানে”। ঈশ্বর বললেন, “এর আগে একদম এস না, তোমার পা থেকে জুতো খোলো, কারণ তুমি যেখানে দাঁড়িয়ে আছ, সেই জায়গাটি পবিত্র স্থান”।
13

ঈশ্বর বললেন, “আমার লোকদের মিশর থেকে নিয়ে আসার জন্য, আমি তোমাকে ফরৌণের কাছে পাঠাব”। কিন্তু মোশি যেতে ভয় পেল।
14

তখন ঈশ্বর মোশিকে তার মহা পরাক্রম দেখালেন। তিনি মোশির লাঠি সাপে পরিণত করলেন।

15

মোশি যখন সেই সাপের লেজ ধরল, তা আবার লাঠিতে পরিণত হল। ঈশ্বর আর এক চিহ্ন দিলেন।



16

তিনি আদেশ দিলেন, “তোমার হাত তোমার বুকেতে রাখ”। মোশি তাই করল, আর মোশির হাত কুষ্ঠতে পরিণত হল।

17

যখন সে আবার তা করল, তার হাত সুস্থ হল।

18

মোশি অনিচ্ছা প্রকাশ করে ঈশ্বরকে বলল, “আমি ভালো করে কথা বলতে পারি না”। ঈশ্বর ক্রুদ্ধ হলেন, তিনি বললেন, “কথা বলার জন্য আমি তোমার ভাই হারোণকে ব্যবহার করব”।



19

মোশি, যিথ্রোর কাছে ফিরে গেল এবং মিশরে যাওয়ার জন্য তার জিনিসপত্র গুছিয়ে নিল।



20



রাজকুমার একজন মেষপালক হলেন

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

যাত্রাপুস্তক ২-৫

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।”
গীতসংহিতা ১১৯:১৩০

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু।

ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। এখন ঈশ্বর আমাদের পাপ ক্ষমা করতে পারেন।

আপনি যদি আপনার পাপ থেকে মন ফিরাতে চান তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন:
প্রিয় প্রভু, আমি বিশ্বাস করি যীশু আমার জন্য মরেছেন এবং আবার জীবিত হয়েছেন। দয়াকরে আমার জীবনে এসো, যেন আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে বেচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন!